

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৯৮

কৈলাসহর, ৪ নভেম্বর, ২০২৪

যুব সমাজকে সমৃদ্ধ রাজ্য গঠন করতে গুরুত্বপূর্ণ  
ভূমিকা গ্রহণ করতে হবে : প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী

যুব সমাজ হচ্ছে দেশের ভবিষ্যৎ। যুব সমাজকে সমৃদ্ধ রাজ্য গঠন করতে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে হবে। আজ কৈলাসহরে উনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত উনকোটি জেলাভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলার উদ্বোধন করে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস একথা বলেন।

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী বলেন, রাজ্যের যুবক-যুবতীরা যাতে বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে অংশ গ্রহণ করে তাদের প্রতিভা রাজ্যে ও জাতীয়স্তরে তুলে ধরতে পারে সেই লক্ষ্যেই যুব উৎসবের আয়োজন করা হয়। রাজ্যের যুবক-যুবতীদের মধ্যে প্রতিভার কোন অভাব নেই। বিভিন্ন ক্ষেত্রে তাদের প্রতিভা বিকাশের জন্য রাজ্য সরকার পরিকল্পনা নিয়ে কাজ করছে। উদ্বোধনী অনুষ্ঠানের পর প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী জেলার বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের তৈরি বিজ্ঞান মডেল পরিদর্শন করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, জিলা পরিষদ সদস্য শ্যামল দাস, বিমল কর, কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উনকোটি জিলা পরিষদের সহকারি সভাপতি সন্তোষ ধর। স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা অমিত কুমার যাদব। যুব উৎসবে মোট ১২টি বিভাগে প্রতিযোগিতার আয়োজন করা হয়। বিভিন্ন বিভাগে জেলার বিজয়ীরা রাজ্যভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করবে।

\*\*\*\*\*